

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৫. জুমু'আর দিন খুতবা শোনা ও খুতবার সময় চুপ থাকা

بَابٌ فِي الِاسْتِمَاعِ يَوْمَ الْجُمُعَةِ عِنْدَ الْخُطْبَةِ وَالْإِنْصَاتِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارَكٍ حَدَّثَنَا صَدَقَةٌ هُوَ ابْنُ خَالِدٍ عَنْ يَحْيَى بْنِ الْحَارِثِ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيِّ يَرْدُهُ إِلَى أَوْسِ بْنِ أَوْسٍ يَرْدُهُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ غَسَّلَ وَاغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ ثُمَّ غَدَا وَابْتَكَرَ ثُمَّ جَلَسَ قَرِيبًا مِنْ الْإِمَامِ وَأَنْصَتَ وَلْمَ يُلْغُ حَتَّى يَنْصَرِفَ الْإِمَامُ كَانَ لَهُ بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوْهَا كَعَمَلِ سَنَةٍ صِيَامِهَا وَقِيَامِهَا

বাংলা

১৫৮৫. আওস (রাঃ)হতে বর্ণিত, তিনি এটিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দিকে সম্পৃক্ত করেছেন, তিনি বলেছেন: “যে ব্যক্তি জুমু'আর দিন উত্তরণে (মাথা) ধোত করবে এবং আগে আগে গোসল করবে, অতঃপর সকাল-সকাল মসজিদে গিয়ে ইমামের নিকটবর্তী স্থানে বসবে এবং (খুতবার সময়) চুপ থাকবে এবং ইমামের (খুতবা) শেষ করা পর্যন্ত যাবতীয় অনর্থক কথা (ও কাজ) হতে বিরত থাকবে, তার জন্য প্রতি পদক্ষেপে এক বছরের সিয়াম পালন ও রাত জেগে সালাত আদায়ের সমান সওয়াব রয়েছে।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ((আহমাদ ৪/১০৮; আবু দাউদ, তাহারাত ৩৪৫; ইবনু মাজাহ, ইকামাতিস সালাত ১০৮৭; বাগাবী শারহস সুন্নাহ ১০৬৪, ১০৬৫; হাকিম ১/২৮২; তিরমিয়ী, সালাত ৪৯৬; নাসাই ৩/৯৫-৯৬; ইবনু খুয়াইমা ১৭৬৭-আরনাউতের তাহকীকৃত “আল ইহসান” এর ২৭৮১ নং হাদীসের টীকা হতে- অনুবাদক)) আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ২৭৮১ ও মাওয়ারিদুয় যাম'আন নং ৫৫৯ তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিনীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81868>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন